

পূর্বধলায় সাড়ে পাঁচ হাজার শিক্ষার্থী উপবৃত্তি পাচ্ছে না এক বছর

পূর্বধলা (নেত্রকোনা) সংবাদদাতা

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উদ্যোগে মাধ্যমিক স্তরের পূর্বধলায় ৫৪টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫ হাজার ৬৬৭জন উপবৃত্তিধারী শিক্ষার্থী গত এক বছর ধরে উপবৃত্তির টাকা পাচ্ছে না। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে তীব্র ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে।

২০১৪ সালের জানুয়ারি-জুন এ ৬ মাসের টাকা পরিশোধ করা হলেও জুলাই-ডিসেম্বর ৬ মাসের টাকা এখন পর্যন্ত দেয়া হয়নি। চলতি বছরের জানুয়ারি-জুন মেয়াদের শিক্ষার্থীদের নতুন তালিকাভুক্তি ও উপবৃত্তির টাকা প্রদানের ক্ষেত্রে ৪ মাস অতিবাহিত হলেও তাও পরিশোধ করা হচ্ছে না। অপর দিকে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকার ওপর সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকদের টিউশন ফি দেয়ার কথা থাকলেও গত ১০ মাস ধরে তাও দেয়া হচ্ছে না। এতে শিক্ষক, শিক্ষার্থী ও

অভিভাবকদের মাঝে তীব্র অসন্তোষ দেখা দিয়েছে।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. শফিকুল রাহী জানান, ২০১৪ সালের জানুয়ারি-জুন মাস পর্যন্ত উপবৃত্তির টাকা মাধ্যমিক শিক্ষা অফিসের তত্ত্বাবধানে দেয়া হয়েছে।

এরপর থেকে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে টাকা পরিশোধ করার কথা।

ডাচ বাংলা ব্যাংকের নেত্রকোনা জেলা ইনচার্জ মো. কামরুজ্জামান বলেন, এখন থেকে সারাদেশে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে উপবৃত্তির টাকা পরিশোধের সিদ্ধান্ত হয়েছে। সে লক্ষ্যে নেত্রকোনা জেলার সকল প্রতিষ্ঠানের সুবিধাজোগী শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে পরিশোধের জন্য শিক্ষার্থীদের নামে একাউন্ট খোলার কাজ চলছে। খুব শীঘ্রই শিক্ষার্থীদের স্ব স্ব একাউন্টে টাকা পরিশোধ করা হবে।